"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
তারাকান্দা, ময়মনসিংহ।
www.dls.tarakanda.mymensingh.gov.bd

স্মারক নং-৩৩.০১.৬১৮৮.০০০.০০০.১৮.০০০৩.২৫.২৫৭ তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩৩ ব: / ২২ জুলাই ২০২৬ খ্রি:

**নোটিশ**

**বিষয়: গবাদিপশু/পোল্ট্রি খামার নিবন্ধন/নবায়ন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, পশুরোগ আইন, ২০০৫ এর ১৬ (১) নং ধারা অনুযায়ী নিবন্ধন ব্যতীত কোন ব্যক্তি বাণিজ্যিক উদ্দেশ্যে গবাদিপশুর খামার, হাঁস-মুরগীর খামার স্থাপন ও পরিচালনা করতে পারবেন না। উক্ত আইন অনুযায়ী এটি একটি দন্ডনীয় অপরাধ। উক্ত অপরাধের জন্য অনুর্ধ্ব দুই বৎসর কারাদন্ড, বা অনুর্ধ্ব দশ হাজার টাকা অর্থদন্ড, বা উভয় দন্ডে দন্ড প্রদানের বিধান রয়েছে।

০২। এমতাবস্থায়, আপনার পোল্ট্রি/ গবাদিপশুর খামারটি রেজিস্ট্রেশন/ নবায়নের জন্য আগামী ৩১/০৮/২০২৬ ইং তারিখের মধ্যে নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ অত্র দপ্তরে যোগাযোগ করার জন্যে বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। **বিষয়টি অতীব জরুরী।**

**নিবন্ধন/ নবায়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি:**

১। নির্ধারিত ফরমে আবেদন
২। পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি
৩। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি
৪। নিবন্ধন ফি ও ভ্যাট জমাদানের চালান
৫। হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স
৬। পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)
৭। বিগত বছরের নিবন্ধনের কপি (নবায়নের ক্ষেত্রে)

২২/০৭/২০২৬

(ডা. মো: লুৎফর রহমান)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
তারাকান্দা, ময়মনসিংহ।
মোবাইল: ০১৩২৪-২৯০১৭০
Email: ulotarakanda@dls.gov.bd

প্রাপক,
---------------------------------------------------
---------------------------------------------------
---------------------------------------------------
---------------------------------------------------

স্মারক নং-৩৩.০১.৬১৮৮.০০০.০০০.১৮.০০৩.২৫.২৫৭/১(৬) তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩৩ ব: / ২২ জুলাই ২০২৬ খ্রি:

**অনুলিপি (অবগতি/ কার্যার্থে):**

১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ময়মনসিংহ
৩। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ
৪। অফিসার- ইন- চার্জ, তারাকান্দা থানা
৫। চেয়ারম্যান/প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল), তারাকান্দা, ময়মনসিংহ **[আপনাকে গবাদিপশু/পোল্ট্রি খামার নিবন্ধন প্রদানের সুবিধার্থে ট্রেড লাইসেন্স প্রদানের জন্য অনুরোধ করা হলো]**
৬। দপ্তর নথি

২২/০৭/২০২৬

(ডা. মো: লুৎফর রহমান)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
তারাকান্দা, ময়মনসিংহ।